গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

**হাইড্রোকার্বন ইউনিট এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [২.২] নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের সমন্বয়ে অবহিতকরণের দ্বিতীয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মো: শামীম খান<br>মহাপরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ০৪.১২.২০২৩ |
| সভার সময় | ১২.৩০ |
| স্থান | অনলাইন |
| উপস্থিতি | পরিশিষ্ট -ক |

২.১। হাইড্রোকার্বন ইউনিট এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [২.২] নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের সমন্বয়ে অবহিতকরণের দ্বিতীয় সভায় সভাপতি সংযুক্ত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) এবং হাইড্রোকার্বন ইউনিটের সিটিজেন চার্টার এর বিকল্প ফোকাল পয়েন্ট সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.২। সভাপতি বলেন, বাংলাদেশ সরকার সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠার জন্য সরকারি সকল দপ্তরে ৫টি টুল যথাক্রমে শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সুনির্দিষ্ট সূচকের ভিত্তিতে কার্যক্রম নির্ধারণ করে বাস্তবায়ন করছে। হাইড্রোকার্বন ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [২.২] সূচকে সক্ষমতা অর্জনের জন্য সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের একটি লক্ষ্যমাত্রা দেয়া আছে। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী আজ ষ্টেকহোল্ডার মিটিং আয়োজন করা হয়েছে। তিনি সংযুক্ত স্টেকহোল্ডারগণের নিকট থেকে মতামত চান।

২.৩। পেট্রোবাংলার প্রতিনিধি হাইড্রোকার্বন ইউনিটের সিটির্জেন চার্টার এর বিষয়ে কিছু অবজারভেশন তুলে ধরে বলেন, কলাম ৮ এ উর্ধ্বতন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকেই অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক কর্মকর্তা) হিসেবে রাখা হয়েছে। সেবা প্রদানের ক্ষেত্রে কোন কোন জায়গায় অনুমতি সাপেক্ষে, আবার কোথাও আলোচনা সাপেক্ষে এই কথাগুলো বলা আছে। কিন্তু সেবা প্রদান প্রতিশ্রুতির গাইড লাইনে  কার্যদিবসের উল্লেখ্য রয়েছে।

২.৪। তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড এর প্রতিনিধি জানান, মন্ত্রীপরিষদ বিভাগের গাইড লাইন অনুযায়ী হালনাগাদকৃত পরিকল্পনা ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে আপলোড করা হয়। প্রশিক্ষণ ও অন্যান্য কর্মসূচিগুলো চলমান রয়েছে।

২.৫। পরিশেষে সভাপতি বলেন যে হাইড্রোকার্বন ইউনিট এর সংশ্লিষ্ট সকল সেবা সহজিকরণ করে সকল অংশীজনকে আরো উন্নত সেবা নিশ্চিতকরণ করা প্রয়োজন।

৩.০। সভায় সকলের অংশগ্রহণের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। হাইড্রোকার্বন ইউনিট এর সংশ্লিষ্ট সকল সেবা সহজিকরণের নিমিত্তে আলাদা দুজন কর্মকর্তাকে সিটির্জেন চার্টার এর উর্ধ্বতন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক কর্মকর্তা) নির্বাচন করতে হবে।

৩.২। সেবা প্রদান প্রতিশ্রুতির গাইড লাইন অনুসারে অনুমতি সাপেক্ষ এবং আলোচনা সাপেক্ষে এর পরিবর্তে কার্যদিবস উল্লেখপূর্বক সংশোধন করতে হবে।

৩.৩। হাইড্রোকার্বন ইউনিট এর সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


২১-১২-২০২৩
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)
৮৩৯১০৭৫
hcu@hcu.org.bd

তারিখ: ৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.৪৪.০০১.২৩.১০৫১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব,জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন;
৩। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৬। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৭। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর;
৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল);
৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
১০। ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স);
১১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
১২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড;
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
১৪। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড;
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড;
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড;
১৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড;
২০। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
২১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড;
২২। ম্যানেজিং ডাইরেক্টর, ম্যানেজিং ডাইরেক্টরের দপ্তর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড;
২৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড;
২৪। ম্যানেজিং ডাইরেক্টর , ম্যানেজিং ডাইরেক্টর এর দপ্তর, ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড;
২৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড;
২৬। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, এলপি গ্যাস লিমিটেড;
২৭। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এর দপ্তর, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড;
২৮। প্রধান সম্পাদক,ইত্তেফাক;
২৯। প্রধান সম্পাদক,চ্যানেল আই এবং
৩০। অফিস কপি।



২১-১২-২০২৩
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)